দৈনিক ইনকিলাব

তারিখ ...

পৃষ্ঠা ৩ কলাম ২

NOV. 22 2008

# চবি'র অধ্যাপক ইউসুফ শরীফ ভাসানী ভার্সিটির ভিসি নিযুক্ত

**চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ঃ** বিশিষ্ট পরিবেশ ও সমুদ্র বিজ্ঞানী প্রফেসর ডঃ ইউসুফ শরীফ আহমদ খানকে টাঙ্গাইল মওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর পদে নিয়োগ দেয়া হয়েছে। প্রেসিডেন্ট ও চ্যান্সেলর প্রফেসর ডঃ ইয়াজ উদ্দিন আহম্মেদ আগামী চার বছরের জন্য এ নিয়োগ দেন। তিনি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান অনুষদের ডীন ও সিন্ডিকেট সদস্য ছিলেন। ডঃ শরীফ ইতিপূর্বে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি, একাডেমিক কাউন্সিলসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করেন। বিশিষ্ট বুদ্ধিজীবী ডঃ ইউসুফ শরীফ বাংলাদেশ সংস্কৃতি ফোরামের সভাপতি ছাড়াও বিভিন্ন গবেষণামূলক সংগঠনের সাথে জড়িত রয়েছেন। সামুদ্রিক বিজ্ঞান ইনস্টিটিউটে অধ্যাপক ডঃ শরীফ বিশ্বব্যাংক, এফএওসহ বিভিন্ন জাতীয় এবং আন্তর্জাতিক সংস্থার কনসালটেন্ট ছিলেন।

বাংলাদেশ সংস্কৃতি ফোরামের সহসভাপতি ইঞ্জিনিয়ার খুরশিদুল আনোয়ার, মহাসচিব প্রফেসর ডঃ হাসান মোহাম্মদ ও নির্বাহী সচিব আহমেদ করিম নবনিযুক্ত ভাইস চ্যান্সেলর ডঃ ইউসুফ শরীফ আহমদ খানকে অভিনন্দন জানিয়েছেন। নেতৃবৃন্দ তার সাফল্য ও দীর্ঘায়ু কামনা করেন।